

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৩৫৫

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ জাহেলী যুগের কর্মকাণ্ড

আরবী

عَنْ عَلِيٍّ قَالَ : حَفِظْتُ عَنْ رَسُوْلِ اللهِ عَلَيْ لاَ يُتْمَ بَعْدَ احْتِلَامٍ وَلاَ صُمَاتَ يَومٍ إِلَى اللَّيْلِ رَواه أَبُو داود بإسناد حسن

বাংলা

(২৩৫৫) আলী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এই বাণী মনে রেখেছি যে, সাবালক হবার পর ইয়াতীম বলা যাবে না এবং কোন দিন সকাল থেকে রাত পর্যন্ত বাক্ বন্ধ (কথা বন্ধ) রাখা যাবে না।

ইমাম খাত্তাবী (রঃ) এ হাদীসের ব্যাখ্যায় বলেন, জাহেলিয়াতের যুগে বাক্ বন্ধ রাখা এক প্রকার ইবাদত ছিল। সুতরাং ইসলাম তা করতে নিষেধ করেছে এবং তার পরিবর্তে আল্লাহর যিকর ও উত্তম কথাবার্তা বলার নির্দেশ দিয়েছে।

ফুটনোট

(আবূ দাউদ, সহীহুল জামে হা/৭৬০৯, হাসান সূত্রে)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন